নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩০৪ ২৬ অক্টোবর ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে ক্যারিয়ার কর্নার উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ক্যারিয়ার কর্নার উদ্বোধন করা হয়েছে। আজ রোববার (২৬ অক্টোবর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের দ্বিতীয় তলায় এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় অন্যান্যের মাঝে নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. শিবলুর রহমানসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমি নোবিপ্রবি ক্যারিয়ার কর্নার প্রতিষ্ঠায় বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক ও উপ-উপাচার্যসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের শিক্ষার্থীদের ক্যারিয়ার বিষয়ক জ্ঞান আহরণের জন্য প্রাথমিকভাবে এই কর্নারের কার্যক্রম শুরু করা হলো। কালক্রমে এর পরিধি আরও বাড়ানো হবে। এখানে উচ্চশিক্ষা, আত্ম-উন্নয়ন ও পেশাগত দক্ষতা অর্জন বিষয়ক বই এবং সাময়িকী স্থান পেয়েছে, যা শিক্ষার্থীদের শিক্ষা জীবনে যেমন সহায়ক ভূমিকা পালন করবে তেমনি কর্মজীবনেও সহায়ক হবে।

উল্লেখ্য, উদ্বোধন শেষে নোবিপ্রবি উপাচার্য ক্যারিয়ার কর্নার পরিদর্শন করেন এবং ভিজিটর বইয়ে স্বাক্ষর করেন। পাশাপাশি তিনি ওই ভবনে অবস্থিত পরীক্ষার হল পরিদর্শন করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪